গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০২৮.১৫(অংশ).৭৭০ তারিখ-০১/১১/২০১৭।

বিষয় ঃ ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সহকারী কমিশনার (ভূমি)গণের অনুকূলে বরাদ্দকৃত ডাবল কেবিন পিকআপ-এ ব্যবস্থা প্রসঙ্গে।

সূত্র ঃ ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০২৮.১৫.৫১২, তারিখ-১৮/০৬/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব সার্কেলের অনুকূলে বরাদ্দকৃত ডাবল কেবিন পিকআপ-এ জনপ্রশাসন মন্ত্রনালয়ের পরিবহন অধিশাখার ১৩/০৪/২০১০ তারিখের ০৫.১২১.০২৬.০০.০০.০৪৮.২০০৪(অংশ-১)-১০৯ নং প্রজ্ঞাপন মোতাবেক জ্বালানী তেল ব্যবহারের কার্যক্রম গ্রহণ এবং উক্ত গাড়িটি শুধুমাত্র সরকারি কাজে ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০১(এক) ফর্দ।

১/১১/১৭
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

বিতরণঃ
১। জেলা প্রশাসক, ................................................ (সকল)।
২। সহকারী কমিশনার (ভূমি), .................................. (সকল)।

অনুলিপি সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে ঃ-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১ পুরানা পল্টন, ঢাকা।
০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়।
০৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ................................................।
১০। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................।
১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
পরিবহন অধিশাখা
www.moestab.gov.bd.

নং-০৫.১২১.০২৬.০০.০০.০৪৮.২০০৪(অংশ-১)-১০৯ তারিখঃ ৩০ চৈত্র, ১৪১৬
১৩ এপ্রিল, ২০১০

**ঃ প্রজ্ঞাপন ঃ**

**বিষয় ঃ সরকারি যানবাহনে জ্বালানী ব্যবহার।**

সরকারি যানবাহনে সিএনজি/জ্বালানী তেল ব্যবহার বিষয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ-

১। সরকারি যানবাহনে এখন থেকে সিএনজি অথবা জ্বালানী তেল এর যে কোন একটি ব্যবহার করা যাবে। প্রাধিকারপ্রাপ্ত সরকারি যানবাহনের ক্ষেত্রে সিএনজি/জ্বালানী তেলের প্রাপ্যতা নিম্নরূপ হবে ঃ

(ক) সিএনজি জ্বালানীর প্রাপ্যতা - গাড়ি প্রতি মাসিক ৩০০(তিনশত) ঘনমিটার ;

(১) সিএনজি চালিত যানে রূপান্তরিত ই.এফ.আই./এম.পি.এফ. আই. ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ৩০ (ত্রিশ) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(২) সিএনজি চালিত যানে রূপান্তরিত কার্বিউরেটর ইঞ্জিনের গাড়ি চালু করার জন্য মাসিক ১৫ (পনের) লিটার পেট্রোল/অকটেন বরাদ্দ করা যাবে ;

(খ) জ্বালানী তেলের ক্ষেত্রে প্রাপ্যতা- গাড়ি প্রতি মাসিক ২০০(দুইশত) লিটার।

২। সরকারি ছুটি দু'দিন হওয়াতে জরুরী অপারেশন কাজ ব্যাহত না করে সকল অফিসের ক্ষেত্রে ১০% জ্বালানী ব্যয় হ্রাস করতে হবে।

৩। সংস্থাপন মন্ত্রণালয়ের ২৬/০৯/২০০৪ তারিখের সম(পরিঃ)-সিএনজি-১০/২০০৩-৫০১ এবং ১২/০৩/১৯৯৮ তারিখের সম(পরি)প-১০/৯৭-১৩৭(২০০) নং প্রজ্ঞাপনদ্বয়ের আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩.৪.১০
(মাহমুদা খাতুন)
উপ-সচিব
ফোন নং- ৯৫৫৬০১০
dstransport@moestab.gov.bd.

**বিতরণ ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব.................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩। মহা হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ........................................ (সকল)।
৬। সংস্থাপন মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর।
৭। জেলা প্রশাসক ........................................................ (সকল)।
৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিশেষ গ্যাজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

Local Disk (E) Letter-2-2009